



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
বাণিজ্য মন্ত্রণালয়
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি ১৮ জানুয়ারি ২০২৫

ভোজ্যতেলের মূল্যবৃদ্ধি, সরবরাহ সংকটের প্রেক্ষাপটে অদ্য ১৮.০১.২৫ তারিখ রোজ শনিবার সিটি গ্রুপ এর ভোজ্যতেল পরিশোধন কারখানা রূপগঞ্জ, নারায়ণগঞ্জে তাদের উৎপাদন কারখানা ও বোতলজাতকরণ কার্যক্রম পরিদর্শন করা হয় এবং সিটি গ্রুপের উদ্ধর্তন কর্মকর্তাদের সাথে মতবিনিময় করা হয়। পরিদর্শনকালে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক জনাব মোহাম্মদ আলীম আখতার খান, ঢাকা বিভাগীয় কার্যালয়ের উপপরিচালক ও সহকারী পরিচালক উপস্থিত ছিলেন। মতবিনিময় সভায় সিটি গ্রুপের জিএম (এডমিন এন্ড অপারেশন) জনাব এম এ জলিল, জি এম আব্দুল লতিফ চৌধুরী, ডাইরেক্টর, জনাব বিশ্বজিৎ সাহা, অ্যাডভাইজার, অমিতাভ চক্রবর্তী ও ডাইরেক্টর (টেকনিক্যাল) সাইদ রফিকুর রহমান উপস্থিত ছিলেন।

পরিদর্শন কর্মসূচির অংশ হিসেবে বাংলাদেশ এডভেল অয়েল, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ কারখানায় গিয়ে উর্ধ্বতন কর্মকর্তার কাউকে না পেয়ে পরিদর্শন করা সম্ভব হয় নি। আর যানজটের কারনে শবনম ভেজিটেবল অয়েল (টি কে গ্রুপ) পরিদর্শন করা সম্ভব হয় নি।

অপরদিকে অধিদপ্তরের সম্মানিত পরিচালক (কার্যক্রম ও গবেষণাগার) জনাব ফকির মুহাম্মদ মুনাওয়ার হোসেন এবং পরিচালক (অভিযোগ এ তদন্ত) জনাব মোহাম্মদ আজিজুল ইসলাম মহোদয় কর্তৃক মেঘনা ভেজিটেবল অয়েল পরিদর্শন করা হয়।

পরিদর্শনকৃত সিটি গ্রুপ এর নিকট হতে বিগত এক মাসের ভোজ্যতেল আমদানী ও উৎপাদন তথ্য সংগ্রহ করা হয়। তথ্য বিশ্লেষণ করে দেখা যায় সিটি গ্রুপ ১৮.০১.২৫ তারিখ পর্যন্ত মোট ১১,৯৩৮ টন পাম অয়েল আমদানী, ১২২৭২ টন উৎপাদন ও ১১১১২ টন ডেলিভারী করেছে। একই সময়ে মোট ২০০২৫ টন সয়াবিন তেল আমদানী, ৩৩৪৫২ টন উৎপাদন ও ২৯৪১৫ টন ডেলিভারী করেছে। ০১.০১.২৫ তারিখ হতে ১৭.০১.২৫ তারিখ পর্যন্ত মোট ১৭১৮০ টন সয়াবিন তেল ও ৩৭৯৬ টন পাম তেল ডেলিভারী করা হয়েছে।

পরিদর্শনকৃত মেঘনা গ্রুপের সোনারগাঁও সিড ক্রাশিং মিলস লি. এর নিকট হতে বিগত এক মাসের ভোজ্যতেল আমদানী ও উৎপাদন তথ্য সংগ্রহ করা হয়। তথ্য বিশ্লেষণ করে দেখা যায় মেঘনা গ্রুপ ডিসেম্বর মাসে মোট ৫০৫৯১টন সয়াবিন তেল আমদানী ও ৩৭৬১৮টন ডেলিভারী করেছে এবং ১৪৩০৭টন পরিশোধিত পাম তেল আমদানী ও ৮৮০৪টন ডেলিভারী করেছে। জানুয়ারী/২৫ মাসে মোট ৪০৫৮৯টন সয়াবিন আমদানী ও ২৪৪৯৭টন ডেলিভারী করা হয় এবং ৯৯৫৪টন পরিশোধিত পাম তেল আমদানী ও ৬৯৪২টন ডেলিভারী করেছে।

আসন্ন রমজানসহ সারাবছর সরবরাহ চেইনে ঘাটতি না হয় সে ব্যাপারে সিটি গ্রুপ ও মেঘনা গ্রুপকে অনুরোধ করা হয়। জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কর্তৃক পরিদর্শনের পরে সংশ্লিষ্ট উৎপাদক প্রতিষ্ঠানসমূহ ভোজ্যতেলের উৎপাদন ও সরবরাহ নিশ্চিত করতে এবং ভোজ্য তেলের মূল্য স্থিতিশীল ও সরবরাহ স্বাভাবিক রাখতে আন্তরিকভাবে সহায়তা করবেন মর্মে আশ্বাস প্রদান করেন।

স্বাক্ষরিত/-

আফরোজা রহমান

উপপরিচালক (প্রশিক্ষণ ও প্রচার)

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর।